



## বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি



স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/৩১২

তারিখ : ২২/০২/২০২২

### জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।**

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<http://www.xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে ২৪/০২/২০২২ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;
- ৩। উনুস্ত বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এসএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা;

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবে:**

ক্রমিক	বিষয়	তারিখ
১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	২৬/০২/২০২২ (শনিবার) থেকে ২৭/০২/২০২২ (রবিবার রাত ৮ঃ০০ টা পর্যন্ত)
২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের যাচাই বাছাই	২৮/০২/২০২২ (সোমবার)
৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	০১/০৩/২০২২ (মঙ্গলবার রাত ৮ঃ০০ টায়)
৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন ও কলেজে ভর্তি	০২/০৩/২০২২ (বুধবার) থেকে ০৩/০৩/২০২২ (বৃহস্পার বিকাল ৫ঃ০০ পর্যন্ত)

**বিহীন উল্লেখ্য, “২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।**

প্রফেসর তপন কুমার সরকার  
সভাপতি (ভারপ্রাপ্ত)  
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি  
ও  
চেয়ারম্যান (কটন দায়িত্ব)  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।